

৩য় টরন্টো বই মেলা ২০০৯

জসিম মলিক

এ নিয়ে তৃতীয় বারের মতো টরন্টো বই মেলা অনুষ্ঠিত হচ্ছে আগামী ১২ জুলাই ২০০৯ রবিবার। অন্যমেলা আয়োজিত দিনব্যাপী বই মেলায় প্রতিবারের মতো এবারও থাকছে নানা ধরনের আয়োজন। এর মধ্যে রয়েছে আকর্ষণীয় সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা সভা, কবিতা পাঠ, নতুন বইয়ের মোড়ক উন্মোচন প্রভৃতি। থাকবে বইয়ের ও অন্যান্য স্টল।

এবারের বই মেলায় প্রধান অতিথি হিবাসে উপস্থিত থাকবেন বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর আনিসুজ্জামান। উপস্থিত থাকবেন অন্টারিও পার্লামেন্টে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষনার বিল উত্থাপনকারী রেজা মোরিদী এমপিপি। বাংলাদেশের প্রখ্যাত প্রকাশনী সংস্থা অন্যমেলার স্বত্বাধিকারী মুনিরুল হক মেলায় উপস্থিত থাকবেন বলে জানিয়েছেন।

জনাব সাদী আহমেদকে আহবায়ক ও মীর্জা মুস্তাফিজুর রহমান পারভেজকে সদস্য সচিব করে বই মেলা উদ্বোধন কমিটি গঠন করা হয়েছে। মঞ্চ ব্যবস্থাপনার সার্বিক দায়িত্বে আছেন সৈয়দ ইকবাল। প্রচার ও মিডিয়ার দায়িত্বে আশরাফ আলী। প্রতিবছরের মতো এবারও মেলা উপলক্ষ্যে আকর্ষণীয় স্যুভিনীর প্রকাশিত হচ্ছে। যারা গল্প, কবিতা বা প্রবন্ধ পাঠাতে চান তারা আহমেদ হোসেন বরাবার পাঠাতে পারেন। লেখা পাঠানোর ঠিকানা ahmedhossain@rogers.com। সাংস্কৃতিক অনুষ্ঠানের দায়িত্বে মেহরাব রহমান। কমিটির অন্যান্য সদস্যরা হলেন ড. শামীমা নাসরিন শাহেদ, জসিম মলিক, সপ্তর্ষী সাহা, নিয়াজ শাহেদী প্রমুখ।

বই মেলাকে কেন্দ্র করে টরন্টোতে একটা উৎসবের আবহ বিরাজ করছে। নিউইয়র্কের পরই প্রবাসে সবচেয়ে আকর্ষণীয় ও মর্যাদাপূর্ণ বইমেলা টরন্টোতে অনুষ্ঠিত হচ্ছে। ২৭২৩ সেন্টক্লেয়ার এভিনিউ, ইস্ট, চার্চ অব সেন্ট কলম্বা এন্ড হ্যালোজ (ও'কনোর/ সেন্ট ক্লেয়ার ইস্ট) অনুষ্ঠিত বই মেলায় সবার সহযোগিতা ও উপস্থিতি কামনা করেছেন উদ্বোধন কমিটি। যেকোনো ধরনের যোগাযোগের জন্য এই নম্বরে ফোন করুন ৪১৬- ৫৬০- ১৫৩০/৪১৬-৬৯০-৩৭০০/৪১৬-২১৯-৪৯২৫।